

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়
জন্ম ও মৃত্যু নিবন্ধন
স্থানীয় সরকার বিভাগ
পরিবহন পুল ভবন (৯ম তলা)
সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০।
ওয়েব সাইট: orgbdr.gov.bd

“শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি”

স্মারক নং- ৪৬.০৪.০০০০.১০৩.৩৬.০৯৮ (অংশ-৩).২৩-০৯

তারিখঃ ২০ আষাঢ় ১৪৩০
০৪ জুলাই ২০২৩

বিষয়: জন্ম ও মৃত্যু নিবন্ধন BDRIS সিস্টেমে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন-এর ৩৩ টি ওয়ার্ডে জন্ম ও মৃত্যু নিবন্ধন অফিস গঠনসহ নিবন্ধক ও অথরাইজড ইউজার আইডি প্রদান।

সূত্র: তাঁর কার্যালয়ের ১৮/০৬/২০২৩ তারিখের স্মারক নং-৪৬.১০.০০০০.০২৯.০০.১২০২.২০২৩।

উপর্যুক্ত বিষয়ের প্রতি তাঁর সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। এ পত্রে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এর জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম ৬টি আঞ্চলিক কার্যালয় ও ৩৩টি ওয়ার্ডে সম্প্রসারণের জন্য অনুরোধ করা হয়েছে।

০২। উল্লেখ্য যে, উক্ত ৬টি আঞ্চলিক অফিস (অঞ্চল-৩, ৬, ৭, ৮, ৯, ১০) ও ৩৩ টি ওয়ার্ডে জন্ম ও মৃত্যু নিবন্ধন অফিস গঠনের পূর্বে বর্তমান অঞ্চল-১, ২, ৩, ৪ ও ৫ এর জন্ম ও মৃত্যু নিবন্ধন অফিস বিলুপ্ত করতে হবে। বর্তমান অফিস বিলুপ্তির পূর্বে জন্ম ও মৃত্যু নিবন্ধনের যাবতীয় ফি সরকারি তহবিলে চালানোর মাধ্যমে জমা প্রদান করতে হবে এবং চালানোর কপি এ অফিসে প্রেরণ করতে হবে।

০৩। এমতাবস্থায়, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ৩৩ টি ওয়ার্ডে জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম সম্প্রসারণ করার লক্ষ্যে ডিএনসিসি এর ১০টি আঞ্চলিক কার্যালয়ের জন্ম ও মৃত্যু নিবন্ধনের যাবতীয় ফি সরকারি তহবিলে চালানোর মাধ্যমে জমা প্রদান করে চালানোর ফটোকপি এ কার্যালয়ে প্রেরণের জন্য তাঁকে অনুরোধ করা হলো।

R ০৪/০৭/২০২৩

মোঃ রাশেদুল হাসান
রেজিস্ট্রার জেনারেল (অতিরিক্ত সচিব)

জন্ম ও মৃত্যু নিবন্ধন

ফোন: ০২২২৩৩৮৬৬০৬

ই-মেইল: rg@orgbdr.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-০২, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।

০২। উপসচিব, ইউপি-২ শাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। মাননীয় মেয়র মহোদয়ের একান্ত সচিব (মাননীয় মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।